গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখা
www.cabinet.gov.bd

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫২২.১৩.০০০১.২২.৬১

**বিষয়: কমিশনার সমন্বয় সভায় উপস্থাপনের জন্য তথ্য প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার ইউ.ও.নোট নম্বর-০৪.০০.০০০০.০০০.৫১৪.০৬.০০০১.২২.২৫৪ তারিখ: ২৮.০৫.২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসারে জেলা প্রশাসকগণ পরবর্তী মাস থেকে নিয়মিত পরিবীক্ষণের সুবিধার্থে **অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম (আরএমএস)**-এ নিম্নোক্ত 'ছক' অনুযায়ী ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩ এ দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলার তথ্য প্রেরণ করবেন।

বিভাগ:..................................................................
বিবেচ্য মাস, বৎসর:..................................................

| জেলার নাম | পূর্ব হইতে অনিষ্পন্ন আবেদনের সংখ্যা | বিবেচ্য মাসে প্রেরিত আবেদনের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা | বিবেচ্য মাসের শেষ কর্মদিবসে অনিষ্পন্ন আবেদনের সংখ্যা | বিবেচ্য মাসে দখল পুনরুদ্ধারের সংখ্যা | ৩ (তিন) মাসের অধিক সময় অনিষ্পন্ন আবেদনের সংখ্যা (যদি থাকে) | আইন বাস্তবায়নে পরিলক্ষিত সমস্যা/সুপারিশ (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| মোট | | | | | | | |

০২। বর্ণিতাবস্থায়, জেলা প্রশাসকগণের কার্যালয় থেকে প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে আরএমএস (report.gov.bd)-এর মাধ্যমে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ এবং বিভাগাধীন জেলাসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদনসমূহ সমন্বয়পূর্বক বিভাগীয় কমিশনারগণের কার্যালয় থেকে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে আরএমএস (report.gov.bd)-এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২৯-০৫-২০২৫
নাহিদা আক্তার তানিয়া
সিনিয়র সহকারী সচিব
০২২২৩৩৮৯১৯১ (ফোন)
৯৫৭৩৫৩৩ (ফ্যাক্স)
cjme_sec@cabinet.gov.bd